

অধ্যায়:অপেক্ষা
সেলিনা হোসেন

গল্পটি সম্পর্কে যে বিষয়গুলো গুরুত্ব দিয়ে পড়তে হবে

- *বাংলাদেশের মুক্তিযুদ্ধ সম্পর্কে ধারণা
- *মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান
- *মুক্তিযোদ্ধাদের সাহসী ভূমিকার বর্ণনা
- *মুক্তিযুদ্ধে সাধারণ মানুষের অংশগ্রহণের কথা

গল্পটি সম্পর্কে অল্প কথায় জেনে নেই:

অপেক্ষা গল্পে মুক্তিযুদ্ধের সময় বিপন্ন এক পরিবারের কথা জানা যায় । জসীম একজন দেশপ্রেমিক মুক্তিযোদ্ধা । রুবা আর রুমা তাঁর দুই সন্তান । শত্রুর গুলিতে জসীম শহিদ হওয়ার পর তাঁর স্ত্রী রাহেলা বিভিন্নভাবে মুক্তিযোদ্ধাদের সাহায্য করেন । রাহেলা, রুবা, রুমা স্বাধীনতার জন্য অপেক্ষা করতে থাকে ।

*শিক্ষার্থীরা গল্পের (প্রথম অংশ) রুবা আর রুমা দুই বোন । ওদের খুব ভাব ।.....
.....
.....এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম ।

আমার বাংলা বই(১২০পৃষ্ঠা ও ১২১পৃষ্ঠা)

পঠিত অংশ থেকে নতুন শব্দের অর্থ:

- খুশবু=সুগন্ধ ।
- উদগ্রীব=প্রতি মুহূর্ত অপেক্ষা করা ,খুব আগ্রহী , ব্যগ্র ।
- বোল=আমের মুকুল ।
- উৎফুল্ল=খুব আনন্দিত ।
- অবাক=বিস্ময় ।
- বিবিসি=যুক্তরাজ্যের বেতার কেন্দ্রের নাম ।
- গণহত্যা=অনেক লোককে বিনা অপরাধে মেরে ফেলা ।

সংগ্রাম=যুদ্ধ ।

***পড়ানো অংশ থেকে এক বাক্যের উত্তর দাও :**

১. অপেক্ষা গল্পে রুমা ও রুমার মধ্যকার সম্পর্ক কী ছিল?
২. রুমা ও রুবা কোথায় এক সাথে যায়?
৩. রুমীর বয়স কত?
৪. রুবার বয়স কত?
৫. জসীম মিয়া কে?
৬. রাহেলা বানু কার নাম?
৭. কখন শিউলি গাছটা ফুলে ফুলে ভরে ছিল?
৮. রুমার জন্মের সময় শিউলি গাছটা কোথায় ছিল?
৯. রুমার জন্মের সময় কিসের খুশবু ছড়িয়ে গিয়েছিল?
১০. কার জন্মের সময় আমগাছ বোলে ভরে ছিল?
১১. স্কুলে যাওয়ার পথে কী কি ছিঁড়ে দুই বোন বেণীর সঙ্গে গেঁথে রাখে?
১২. 'বাবা তোমার হাজার বছর আয়ু হোক' - রুমা-রুবা কেন বাবাকে এ কথা বলেছিল?
১৩. রুমা ও রুবা মায়ের কপালে কী লাগিয়েছিল?
১৪. রুমা ও রুবা মায়ের কপালে ফুলের পাঁপড়ি লাগিয়ে কী বলেছিল?
১৫. 'আমার মেয়েগুলোর অনেক বুদ্ধি' - কে বলেছিল?
১৬. জসীম মিয়া মেয়েদের লেখাপড়ার জন্য কোথায় পাঠাবে?
১৭. জসীম মিয়া কী পরিমাণ চাল ডাল কিনে আনে?
১৮. লোকজন কোথায় বসে খবর শুনছে?
১৯. লোকজন কীসের মাধ্যমে খবর শুনছে?
২০. লোকজন কীভাবে গণহত্যার খবর জানতে পারে?
২১. বিবিসি এর পুরো নাম কী?
২২. বঙ্গবন্ধু ৭ই মার্চ কীসের ঘোষণা দেন?

***যুক্তবর্ণ ভেঙে শব্দ গঠন ও বাক্য গঠন কর:**

ক্ষ, ল্ল,ক্ষ, ন্ম, ল্ল, ত্য. থ, চ,জ

ওয়ার্ক বুক (১৮১ পৃষ্ঠার) সমার্থক শব্দ পড়বে: